

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৭
আগরতলা, ৫ জানুয়ারি, ২০২৪

সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক

বিশেষ সংশোধনীর পর পশ্চিম ত্রিপুরা জেলায় ভোটার রয়েছেন ৬,৯২,৮১২ জন

সারা রাজ্যের সাথে আজ পশ্চিম ত্রিপুরা জেলায়ও চূড়ান্ত ভোটার তালিকা-২০২৪ প্রকাশিত হয়েছে। ভোটার তালিকায় বিশেষ সংশোধনীর পর পশ্চিম ত্রিপুরা জেলায় ভোটার রয়েছেন ৬ লক্ষ ৯২ হাজার ৮১২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৩ লক্ষ ৪২ হাজার ৯৪৮ জন এবং মহিলা ভোটার ৩ লক্ষ ৪৯ হাজার ৮২৪ জন। আজ সন্ধ্যায় সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার একথা জানান।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, খসড়া ভোটার তালিকায় ভোটার ছিলেন ৬,৮৭,৮৪৫ জন। চূড়ান্ত ভোটার তালিকায় ভোটার বেড়ে হয়েছে ৬,৯২,৮১২ জন। এর মধ্যে উল্লেখযোগ্য হল ২-মোহনপুর বিধানসভা কেন্দ্রে ১.০১ শতাংশ, ১৪-বাধারঘাট (এসসি) বিধানসভা কেন্দ্রে ১.০৮ এবং ১৮-সূর্যমণিনগর বিধানসভা কেন্দ্রে ১.০৯ শতাংশ ভোটার বেড়েছে। পশ্চিম ত্রিপুরা জেলায় ১৪টি বিধানসভা কেন্দ্রে গড়ে ভোটার বেড়েছে ০.৭২ শতাংশ। জেলাশাসক জানান, পশ্চিম ত্রিপুরা জেলায় সবথেকে বেশী ভোটার রয়েছেন ১৪-বাধারঘাট (এসসি) কেন্দ্রে। এই কেন্দ্রে ভোটার রয়েছেন ৬২,৭২৩ জন। সবথেকে কম ভোটার রয়েছেন ১-সিমনা (এসটি) কেন্দ্রে। ভোটার রয়েছেন ৩৮,৯৭৪ জন। পশ্চিম ত্রিপুরা জেলায় ১৪টি বিধানসভা কেন্দ্রে দিব্যাঙ্গজন ভোটার রয়েছেন ৩২২৩ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৪০ জন।
